ঢাকা ওয়াসা

(১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
(২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
(৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
(৪) ঠিকাদার হতে প্রাপ্ত কোটেশন।
(৫) টেকনিক্যাল স্পেসিফিকেশন।
(৬) আলোচ্য কাজের প্রাক্কলন।
(৭) প্রতিবেদন।

Name of the work: Supply of chemical reagent and testing equipments for sewage quality testing of PSTP division.

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৭ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ ডিসচার্জ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীন ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্র সহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। পাগলা পয়ঃ শোধনাগারের সর্বমোট জায়গার পরিমাণ প্রায় ২৫৩ (দুইশত তিপান্ন) একর। অত্র প্লান্টের অভ্যন্তরে লিফট পাম্প, স্লাজ পাম্প, প্রাইমারি সেডিমেন্টেশন ট্যাংক, আউটফল পাম্প, ক্লোরিন পাম্প ও অফিস বিল্ডিং সহ বিভিন্ন ছোট বড় স্থাপনা রয়েছে। এছাড়া অত্র প্লান্টের অভ্যন্তরে ০৮ টি এ-টাইপ ও ০৮ টি বি-টাইপ ফ্যাকালটেটিভ লেগুন রয়েছে। পাগলা পয়ঃ শোধনাগারের পয়ঃ পানির বিভিন্ন প্যারামিটার টেস্ট করার জন্য একটি ল্যাব রয়েছে। উক্ত ল্যাবের পয়ঃ পানি পরীক্ষার বিভিন্ন প্যারামিটার টেস্ট ও ক্যাপাসিটি বৃদ্ধির জন্য কিছু রি-এজেন্টে এবং ক্লোরিন মাস্ক সহ কিছু আনুষঙ্গিক জিনিসপত্র সংগ্রহ করা প্রয়োজন।

১.১। সেই লক্ষ্যে ঢাকা ওয়াসা রেট পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of chemical reagent and testing equipments for sewage quality testing of PSTP division" **শীর্ষক** কাজের একটি **প্রাক্কলন** তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৬,৭৮,৩৬০.০০ (ছয় লক্ষ আটাত্তর হাজার তিনশত ষাট) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের **"রাসায়নিক" (কোড ০১-০৩-০০১)"** খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার **সিরিয়াল নং-53; প্যাকেজ নং- RG21** এ অন্তর্ভূক্ত করা হয়েছে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) ধারা অনুসরণে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of chemical reagent and testing equipments for sewage quality testing of PSTP division" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১(১) ধারা অনুসারে **Open Tendering Method (OTM)** এ দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৬,৭৮,৩৬০.০০ (ছয় লক্ষ আটাত্তর হাজার তিনশত ষাট) টাকা প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের **"রাসায়নিক (কোড ০১-০৩-০০১)"** খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়:শোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

18/05/25
মোঃ মামুনুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

SDE

18.05.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

EE

18/5/25
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

ইস্যু নং ...../পয়ঃ শোঃ
তারিখ .....

SE (WSTPC)

১.৪ অনুমোদিত।

18/05/2025
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

XEN (PSTP)

১.৫। দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

SDE

18/5/25

ঢাকা ওয়াসা

১.৬। **Supply of chemical reagent and testing equipments for sewage quality testing of PSTP division** কাজের দরপত্র আহবানের নোটিশ ও ঢাকা ওয়াসার ওয়েব সাইডে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরাবর চিঠি প্রস্তুত করা হ'ল। সবিনয় স্বাক্ষর করা যেতে পারে।

SDE 20/05/25   25.5.2025   EE 20/5/25

(০৮) কাজের দরপত্র আহবানের নোটিশ

(০৯) আলোচ্য কাজের দরপত্র বিজ্ঞপ্তি ঢাকা ওয়াসার ওয়েবসাইটে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরাবর প্রেরিত চিঠি।

(১০) ওয়েভ সাইডে প্রকাশের কপি।

১.৭। **Supply of chemical reagent and testing equipments for sewage quality testing of PSTP division** কাজের টেন্ডার ডকুমেন্টস বিভিন্ন ব্যাংকে প্রেরণের জন্য চিঠি প্রস্তুত করা হ'ল। সবিনয় স্বাক্ষর করা যেতে পারে।

SDE 25/05/25   25.5.2025   EE 25/5/25

(১১) টেন্ডার ডকুমেন্টস এর রিসিভ কপি।

অনুচ্ছেদ ১.৮। অদ্য ০৪/০৬/২০২৫ইং তারিখে **Supply of chemical reagent and testing equipments for sewagequality testing of PSTP division** কাজে মোট ০৩(তিন) টি দরপত্র পাওয়া গিয়েছে। প্রাপ্ত দরপত্রগুলোর বিবরণ নিম্নে উল্লেখকরা হ'ল:

ক্রমিক নং	ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম	উদ্ধৃত দর
১।	**M/s.Saad Enterprise**	**6,74,500.00**
২।	**M/s. Ayesha Enterprise**	**6,70,000.00**
৩।	**M/S. Nur and Ayman Enterprise**	**7,48,000.00**

04.6.25

Member Secretary, TOC-1

Chairperson - TOC-1

4/6/25

(১২) দরপত্র উন্মুক্তকরন কমিটি (TOC) কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৯। আলোচ্য কাজে প্রাপ্ত ০৩ **(তিন)** টি দরপত্র **TOC** কর্তৃক উন্মুক্ত করা হয় এবং প্রাপ্ত তথ্যাদি ডাটাশীটে লিপিবদ্ধ করতঃ ক্রমিক নং-১২ এ উপস্থাপন করা হয়। দরপত্র মূল্যায়নের জন্য **TEC-1** বরাবর প্রেরন করা যেতে পারে।

04.6.2025

Chairperson - TOC-1

4/6/25

TEC-1

04.06.2025

Member Secretary, TEC-1

ঢাকা ওয়াসা

(১৩) দরপত্র মূল্যায়ন কমিটি (TEC1) এর সভা আহবানের চিঠি।
(১৪) দরপত্র মূল্যায়ন কমিটি (TEC1) কর্তৃক দাখিলকৃত মূল্যায়ন প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১০। ঢাকা ওয়াসার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগরে অধীনে **"Supply of chemical reagent and testing equipments for sewage quality testing of PSTP division"** কাজটির দরপত্র (দরপত্র নং-46.113.433.00.00.080.25-12; **তারিখঃ** ২০/০৫/২০২৫ ইং) গত ০৪/০৬/২০২৫ ইং তারিখে সংশ্লিষ্ট দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) কর্তৃক উন্মুক্ত করা হয় (ক্রমিক-১২ দ্রঃ)। আলোচ্য কাজে প্রাপ্ত ০৩ **(তিন)** টি দরপত্রের মধ্যে দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-1) কর্তৃক **M/S Ayesha Enterprise** যার উদ্ধৃত দর টাঃ ৬,৭০,০০০.০০ **(ছয় লক্ষ সত্তর হাজার)** টাকার দরপত্রটি সর্বনিম্ন রেসপন্সিভ দরপত্র হিসাবে মূল্যায়িত হয়েছে।

অনুচ্ছেদ ১.১১। এমতাবস্থায়, দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-1) এর সুপারিশ মতে **M/S Ayesha Enterprise**, এর টাঃ ৬,৭০,০০০.০০ **(ছয় লক্ষ সত্তর হাজার)** টাকার দরপত্রটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

16.06.2025
এস.এম তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী (অঃ দাঃ)
নির্মাণ (সিভিল) বিভাগ
ঢাকা ওয়াসা।

A.O.

১.১২ অনুমোদিত।

16/06/25

XEN (PSTP)

১.১৩। পরবর্তী ব্যবস্থা নিন।

16/6/25

SDE

অনুচ্ছেদ : ১.১৪

অনুচ্ছেদ ১.১৩ এর নির্দেশ অনুযায়ী অত্র কাজের অনুকূলে Notification of Award (NOA) তৈরী করতঃ স্বাক্ষরের জন্য সদয় পেশ করা হল।

SDE 18.6.2025 E/E 18/6/25

(১৬) স্মারক নং-৪৬.১১৩.৪৩৩.০০.০০.০৮০.২৫-০৭তারিখঃ১৮/০৬/২০২৫ইং, Notification of Award (NOA)

(১৭) স্মারক নং নাই, তারিখ ঃ ১৯/০৬/২০২৫ইং, পারফরমেন্স সিকিউরিটি জমা করণ প্রসঙ্গে। মেসার্স আয়েশা এন্টারপ্রাইজ হতে প্রাপ্ত।

অনুচ্ছেদ : ১.১৫

আলোচ্য কাজটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে ঠিকাদারের অনুকূলে NOA ইস্যু করা হয় (সংযুক্তি-১৬)। যা ঠিকাদার কর্তৃক গৃহীত হয়েছে। তাছাড়া ঠিকাদার কর্তৃক আলোচ্য কাজের অনুকূলে Performance Security হিসাবে টাঃ ৭০,০০০.০০ (সত্তর হাজার) টাকা মাত্র পে-অর্ডার দাখিল করেছেন (সংযুক্তি-১৭)। দখিলকৃত পে-অর্ডারটি সঠিক আছে। তাই ঠিকাদারের সাথে আলোচ্য কাজের চুক্তি সম্পাদন করা যেতে পারে। এতদপ্রেক্ষিতে চুক্তি সম্পাদনের লক্ষ্যে চুক্তিপত্র তৈরী করে সবিনয়ে উপস্থাপন করা হ'ল।

SDE 19.6.2025 E/E 19/6/25

(১৮) স্মারক নং- ৪৬.১১৩.৪৩৩.০০.০০.০৮০.২৫-০৭ তারিখ ১৯/০৬/২০২৫ইং ।
Contract Agreement (Form PG2-7)

অনুচ্ছেদ : ১.১৬

আলোচ্য কাজের জন্য ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে (সংযুক্তি-১৮)। তাই কাজ শুরু করার জন্য ঠিকাদারকে কার্যাদেশ দেয়া যেতে পারে। এতদপ্রেক্ষিতে কার্যাদেশ পত্র তৈরী করে সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হ'ল।

SDE 19.6.2025 E/E 19/6/25